

হাইল্যান্ড কাউন্সিলের বাংলা ভাষার পাতায় স্বাগতম। বাংলায় সাধারণ যোগাযোগের তথ্যাদি এবং সেবার বিবরণ জানতে নিচের লিংক গুলিতে ক্লিক করুন।

এ ৭টি সেবাগুলি হল :-

- [মুখ্য নির্বাহী সেবা](#)।
- [শিক্ষা, সংস্কৃতি, খেলাধুলা এবং উন্নত হাইল্যান্ড জীবন](#)।
- [অর্থনীতি](#)।
- [আবাসন এবং বিষয় সম্পত্তি](#)।
- [পরিকল্পনা এবং উন্নয়ন](#)।
- [স্বাস্থ্য ও সামাজিক সেবা](#)।
- [যানবাহন, পরিবেশ এবং কমিউনিটি সেবা সমূহ](#)।
- [আপনার \(কাউন্সিলরগন\) পরিষদ সদস্য](#)।

হাইল্যান্ডের সকল ভাষাভাষীর জন্য সকল বিষয় ওয়েব সাইটে ইংরেজী হইতে অন্যান্য ভাষায় অনুবাদ করা আমাদের পক্ষে সম্ভব নয়। এজন্য অন্যান্য ভাষাভাষীর সুবিধার্থে বিনা মূল্যে অনুবাদ সার্ভিসের সাথে নির্দিষ্ট কয়েকটি ভাষায় আমরা লিংকের সুবিধা করেছি যাহাতে ওয়েব পেইজ হইতে ছোট খাটো বিষয়বস্তু অনুবাদ করা সম্ভব হবে। এই অনুবাদ যে নির্ভুল, রীতিসিদ্ধ তার নিশ্চয়তা বিধান করে না এবং অফিসিয়েল ডকুমেন্ট হিসাবে ব্যবহারের পরামর্শ আমরা দিচ্ছি না।

প্রধান সাধারণ যোগাযোগের তথ্যাদি

- [সার্ভিস সেন্টার](#) টেলিফোন : ০১৩৪৯ ৮৮৬৬০৬ সোমবার থেকে শুক্রবার সকাল ০৮:০০ থেকে বিকাল ০৬:০০ এবং শনিবার সকাল ০৯:০০ থেকে দুপুর পর্যন্ত খোলা থাকবে।
- **Email : service.point@highland.gov.uk**
- আপনি হাইল্যান্ড সেবার জন্য দোভাষীর প্রয়োজন মনে করলে স্টাফদের মধ্যে কোন সদস্যের সঙ্গে যোগাযোগ করে ইহার ব্যবস্থা করা যাইতে পারে।

অন লাইনে এই [লিঙ্কে](#) আপনি অনেক ধরনের সেবা পাওয়ার জন্য অনুরোধ করতে পারেন।

কাউন্সিল টেল, রেন্ট ও অন্যান্য বিল অন লাইনে এই [লিঙ্কে](#) পরিশোধ করতে পারবেন।

মূখ্য নির্বাহী সেবা

মূখ্য নির্বাহীর (চীপ এক্সিকিউটিভ) প্রধান কাজ হল কাউন্সিলের দৈনন্দিন কার্য পরিচালনা করা। এই সেবার অন্তর্গত একজন সহকারী নির্বাহী কর্মকর্তা এবং সেবা প্রধান যিনি ই-গভর্নমেন্ট, কার্যধারা ও সম্পাদন, লিগ্যাল সার্ভিসেস কমিটি এবং হিউমেন রিসোর্সেস দেখাশোনা করবেন এবং একজন কর্পোরেট ম্যানেজার। এই বিভাগের দায়িত্ব হল:-

- নগরবাসির তালিকা প্রনয়ন
- সিভিক গভর্নমেন্ট লাইসেন্সিং
- কমিটির কার্যক্রম (কমিটি মিনিটস এবং আলোচ্য সূচী সহ)
- কমিউনিটি কাউন্সিলের সহযোগিতা
- কমিউনিটি পরিকল্পনা - হাইল্যান্ড ও ওয়ার্ড পর্যায়ে
- কর্পোরেটের কর্মতৎপরতা ও কর্ম সম্পাদনের প্রতিবেদন
- কাষ্টমার সার্ভিসেস
- নির্বাচন সমূহ
- কর্মচারীর কর্মসংস্থান
- সমঅধিকার সমূহ
- ইউরোপীয় বিষয়াদি
- তথ্য অধিকার
- স্বাস্থ্য, নিরাপত্তা ও সমৃদ্ধি
- জন স্বাস্থ্যের উন্নয়ন
- শান্তি প্রতিষ্ঠা
- (ICT) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবস্থা
- লিগ্যাল সার্ভিসেস (আইনী সেবা সমূহ)
- লাইসেন্সিং
- সুরা(মাদক) লাইসেন্সিং
- কর্মচারী সেবা সমূহ
- রাজনৈতিক, উপায় ও সংসদীয় সুবিধা
- জন্ম, মৃত্যু বিবাহ এবং বেসরকারি অংশিদারিত্ব নিবন্ধন
- সেবা কেন্দ্র
- সেবা স্থল
- জলবায়ু পরিবর্তন

মূখ্য নির্বাহী সেবার যোগাযোগের ঠিকানা :-

Email: service.point@highland.gov.uk

টেলিফোন : ০১৩৪৯ ৮৮৬৬০৬ সমবার থেকে শুক্রবার সকাল ০৮:০০ থেকে বিকাল ০৬:০০, শনিবার সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ ঘটিকা।

ডাক বিভাগীয় ঠিকানা :

Chief Executive's Service

Glenurquhart Road

Inverness

IV3 5NX

শিক্ষা, সংস্কৃতি এবং খেলাধুলা

কাউন্সিল সেবা বিভাগের ইহা সর্ব বৃহৎ ক্ষেত্র। এই বিভাগের দায়িত্ব হল, প্রাইমারি স্কুল, সেকেন্ডারী স্কুল, বিশেষ স্কুল, প্রাক স্কুল ব্যবস্থা, ছাত্রদের আবাসন এবং শিশু ও যুবকদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের বিশেষ সেবা।

হাইল্যান্ড উন্নত জীবন (হাইলাইফ হাইল্যান্ড)

হাইলাইফ হাইল্যান্ড সংস্থাটি হাতের নাগালেই স্থাপিত হইয়াছে এবং ইতিপূর্বে হাইল্যান্ড কাউন্সিল ইসিএস (ECS) সরাসরি যে সব সেবা প্রদান করেছে, সে সব সেবা প্রদান করে থাকে। কমিউনিটি শিক্ষা, বিনোদন মূলক সেবা, যোবকদের জন্য কাজের ব্যবস্থা, বিনোদন কেন্দ্র, লাইব্রেরী (ভ্রাম্যমান লাইব্রেরী সহ), সাম্প্রদায়িক শিক্ষা ও উন্নয়ন, আউটডোর শিক্ষা কেন্দ্র, কুলিজ সেবা, লেখ্যাগার, চিত্রকর্ম শালা এবং আঞ্চলিক যাদুঘর এর অন্তর্ভুক্ত।

শিক্ষা, সংস্কৃতি এবং খেলাধুলা বিভাগের যোগাযোগের ঠিকানা :

Email: ecs@highland.gov.uk

টেলিফোন: ০১৪৬৩ ৭০২৮০১

ডাক বিভাগীয় ঠিকানা :

Education, Culture & Sport Service
Glenurquhart Road
Inverness
IV3 5NX

হাইলাইফ হাইল্যান্ড যোগাযোগের ঠিকানা :

Email: info@highlifehighland.com

টেলিফোন : ০১৩৪৯ ৮৮৬৬০৬ সমবার থেকে শুক্রবার সকাল ০৮:০০ থেকে বিকাল ০৬:০০, শনিবার সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ ঘটিকা।

Chief Executive

High Life Highland

12-13 Ardross Street

Inverness IV3 5NS

Tel : 01463 663824

Email: ian.murray@highlifehighland.com

অর্থনীতি

এই বিভাগের মুখ্য কার্যক্রম :

- ডাইরেক্টর অব ফাইনেস কাউন্সিলের অর্থনীতি বিষয়ে সংবিধিবদ্ধ ভাবে দায়িত্ব প্রাপ্ত।
- ব্যবসায়িক সহযোগিতা।
- বিল করা ও কাউন্সিল টেক্স সংগ্রহ করা, বিল করা, ব্যবসায়িক কর আদায়, কাউন্সিল টেক্স বেনিফিট এবং হাউজিং বেনিফিট পরিচালনা করা।
- স্কটিস ওয়াটারের পক্ষে পানি সংগ্রহ ও বিল করা এবং ব্যয়িত পানির কর আদায় করা।
- সর্বাধিক সুবিধা প্রদান এবং আর্থিক পরামর্শ প্রদান।
- হিসাবরক্ষণ, কোষাগার ব্যবস্থাপনা, পরিবেশক প্রদেয়, প্রাপ্ত আয় এবং পে-রোল মোতাবেক সেবা সংস্থাকে আর্থিক সহযোগিতা প্রদান।
- কর্পোরেট বাজেট, করারোপ এবং কোষাগার, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (PPPs) এবং যৌথ উদ্যোগে করা।
- উত্তরাঞ্চলীয় রক্ষী বাহিনী, পার্বত্য ও দ্বীপাঞ্চলীয় দমকল বাহিনী এবং অন্যান্য যৌথ সংগঠন সমূহকে সহযোগিতা প্রদান
- ক্রয় নীতি, সর্বোচ্চ সফলতা অর্জনে কাউন্সিলে কৌশল অবলম্বন।
- কাউন্সিল ও অন্যান্য সহযোগী এজেন্সির পেনশন স্কীমের ব্যবস্থাপনা।

অর্থনীতি সেবা বিভাগে যোগাযোগের ঠিকানা :

Email: finance@highland.gov.uk

টেলিফোন : ০১৩৪৯ ৮৮৬৬০৬ সমবার থেকে শুক্রবার সকাল ০৮:০০ থেকে বিকাল ০৬:০০, শনিবার সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ ঘটিকা।

ডাক বিভাগীয় ঠিকানা :

Finance Service
The Highland Council
Glenurquhart Road
Inverness IV3 5NX

আবাসন ও বিষয় সম্পত্তি বিভাগ

কাউন্সিলের নিজস্ব বিল্ডিং এর ব্যবস্থাপনা আবাসন ও বিষয় সম্পত্তি বিভাগের দায়িত্ব ।

কাউন্সিল আবাসন ব্যবস্থাপনায় রয়েছে :

- আবাসন বন্টন ।
- বিল্ডিং রক্ষণাবেক্ষণ ।
- কাউন্সিল আবাসন সংস্কার ।
- কাউন্সিল আবাসনে সরঞ্জামাদি প্রতিস্থাপন ।
- আবাসনের মূলধন কার্যক্রম ।
- বকেয়া কর কার্যক্রম ।
- কর তত্ত্বাবধান ।
- প্রজাসত্ত্ব বিষয়াদি ।

কাউন্সিলের অনাবাসিক বিল্ডিং এর ক্ষেত্রে, সম্পত্তি ব্যবস্থাপনা, পরিদর্শন, রক্ষণাবেক্ষণ এবং বুকি ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহণ করে ।

ইহা আরও কিছু পরিসরে সেবা প্রদান করে:

- হাইল্যান্ড আবাসন কৌশল প্রণয়ন ।
- হাইল্যান্ডে সাধের মধ্যে আবাসনের উন্নয়ন ।
- শক্তি ব্যবস্থাপনা, পরামর্শ এবং গ্রহণযোগ্যতা ।
- স্থাপত্যশিল্প, বিল্ডিং নির্মাণ নকশা প্রনয়ন ও বিল্ডিং সংখ্যা জরীপ ব্যবস্থা ।
- সম্পদ ব্যবস্থাপনা, অর্জিত সম্পত্তি, হস্তান্তর, মূল্য নির্ধারণ এবং ইজারা বিষয়ে আলোচনা ।
- কাউন্সিলের মূলধন এবং রাজস্ব পরিকল্পনায় ঠিকাদার ও পরামর্শক নিয়োগ ও ব্যবস্থাপনা ।
- গৃহহীনদের তথ্য, পরামর্শ ও বাসস্থানের ব্যবস্থা করে যতদুর সম্ভব গৃহহীনতা দূর করা ।
- যাযাবর/পর্যটক বিষয়ে কার্যক্রম পরিচালনা ।
- অসামাজিক কার্যকলাপ বিষয়ে কার্যক্রম পরিচালনা ।
- আবাসন সংস্কার, দেখাশোনা, সাহায্য পরিকল্পনা কার্যক্রম, আবাসন নীতি প্রনয়ন এবং সবরকম কাজের লোকের সেবা প্রদান ও এই বিভাগের দায়িত্ব ।

আবাসন ও বিষয় সম্পত্তি বিভাগে যোগাযোগের ঠিকানা :

Email: housingandproperty@highland.gov.uk

টেলিফোন : ০১৩৪৯ ৮৮৬৬০৬ সমবার থেকে শুক্রবার সকাল ০৮:০০ থেকে বিকাল ০৬:০০, শনিবার সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ ঘটিকা ।

অন্য সময়ে যোগাযোগ ০৮৪৫ ৭০০ ২০০৫ ।

ডাক বিভাগীয় ঠিকানা :

Housing and Property
The Highland Council
Glenurquhart Road
Inverness
IV3 5NX

পরিকল্পনা ও উন্নয়ন

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ প্রত্যেক কাউন্সিল এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে। এই পরিকল্পনা এমনভাবে তৈরী করা হয় যে কি ভাবে এলাকার পরিবর্তন সাধন করা যায় এবং কোথায় কোন ধরনের উন্নয়ন কার্যক্রম গ্রহন করা হবে তা নির্দেশ করে। উন্নয়ন পরিকল্পনাকে ভিত্তি করেই পরিকল্পনার আবেদন যাচাই করা হয়। বিল্ডিং মানদণ্ড একটি প্রক্রিয়া যেখানে বিল্ডিং নকশা মনোনীত হয় অনেকগুলি অতি প্রয়োজনীয় ও সরকারি মানদণ্ডের নিরিখে এবং এর পরেই তা ভূমির উপর বিল্ডিং-এ রূপান্তরিত হয়। নিচের আলোচ্য বিষয়সমূহে সংযুক্ত হলে ইংরেজীতে তথ্য পাওয়া যাইবে।

- [নকশার জন্য দরখাস্ত - নকশা খোঁজা ও দরখাস্ত করা; ই প্ল্যানিং; সঞ্জাহিক তালিকা; নকশার আবেদন](#))
- [বিল্ডিং-এর মানদণ্ড](#)-বিল্ডিং ওয়ারেন্টের জন্য আবেদন করা।
- [উন্নয়ন পরিকল্পনা ও কৌশল](#) - স্থানীয় পরিকল্পনা, হাইল্যান্ডের পরিকল্পনা কৌশল।
- [অর্থনৈতিক উন্নয়ন](#) - অর্থনৈতিক ও ব্যবসায়িক উন্নয়ন, পুনঃউৎপাদন, পর্যটন এবং চলচিত্র।
- [শক্তি পরিকল্পনা](#) - নবায়নযোগ্য শক্তি, এনার্জি গ্রীড।
- কর্মসংস্থানের ক্ষমতা- কর্মরত কর্মচারীদের সহায়তা করা।
- [উপকূলীয় পরিকল্পনা](#) - মৎস্যচাষ, উপকূলীয় উন্নয়ন।
- [প্রাকৃতিক ও কৃত্রিম পরিবেশ](#) - বনবিদ্যা, প্রত্নবিদ্যা, কৃষি এবং সংরক্ষণ।
- [হাইল্যান্ডের তথ্য ও সংখ্যা](#) - হাইল্যান্ড এবং ইহার জনগণ সম্পর্কে তথ্য।

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে যোগাযোগের ঠিকানা :

Email: planning@highland.gov.uk

টেলিফোন : ০১৩৪৯ ৮৮৬৬০৬ সমবার থেকে শুক্রবার সকাল ০৮:০০ বিকাল ০৬:০০, শনিবার সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ ঘটিকা।

ডাক বিভাগীয় ঠিকানা :

Planning and Development
The Highland Council
Glenurquhart Road
Inverness
IV3 5NX

স্বাস্থ্য ও সামাজিক সেবা সমূহ :

এন এইচ এস(NHS) হাইল্যান্ড হইতে প্রাপ্তবয়স্কদেরকে শিশুদের সেবা প্রদানের শর্তে সামাজিক নিরাপত্তা সার্ভিসে যুক্ত করা এই বিভাগের দায়িত্ব। ইহার অন্তর্ভুক্ত সমূহ

এলাকা ভিত্তিক শিশু ও ফ্যামিলি টিম, শিশুর নিরাপত্তা, যুবা ও শিশুদের জন্য আবাসন, অগ্রীম শিক্ষা ও অগ্রীম চাকুরি,খেলাধুলা, জনস্বাস্থ্য সেবি এবং সহযোগী স্বাস্থ্য কর্মী, পোষণ ও দত্তক গ্রহণ সেবা এবং অক্ষম শিশুদের সেবা দান।

অপরাধমূলক বিচারে সমাজ কর্ম সেবা, মানসিক স্বাস্থ্য কর্মকর্তা সেবা এবং কর্ম সময়ের বাহিরে (out of hour) সামাজিক সেবা প্রদান ও স্বাস্থ্য এবং সামাজিক নিরাপত্তা সেবা বিভাগের দায়িত্ব। এন এইচ এস (NHS)এ অবস্থিত কর্ম সময়ের বাহিরের কর্মী (out of hour team) ও সামাজিক নিরাপত্তা সেবার জন্য ডাকলে সাড়া দিয়া থাকে।

স্বাস্থ্য ও সামাজিক সেবা বিভাগে যোগাযোগের ঠিকানা :

Email: social.work@highland.gov.uk

টেলিফোন : ০১৪৬৩ ৭০২৮৭১

ডাক বিভাগীয় ঠিকানা :

Health & Social Care
Glenurquhart Road
Inverness
IV3 5NX

যানবাহন, পরিবেশ এবং কমিউনিটি সেবা বিভাগ

এই সেবা বিভাগের কার্যক্রম অনেক বিস্তৃত, যেমন

● জরুরীঅবস্থা পরিকল্পনা:

কোন বড় ধরনের দুর্ঘটনায় জরুরী পরিকল্পনা প্রনয়ন এবং কাউন্সিল সাড়া দিয়া সার্বক্ষণিক দুর্যোগ ব্যবস্থাপনা সেবা বিভাগকে সহযোগিতা করা ।

● পরিবেশগত স্বাস্থ্য :

- জনস্বাস্থ্য সংরক্ষণ এর মধ্যে পানি সরবরাহ, বালাই, সর্বসাধারণের স্থানে ধূমপান, পূর্ত স্বাস্থ্য, সংক্রামক রোগের অনুসন্ধান যেমন- খাদ্যে মিশ্রিত/পানি বাহিত রোগ এবং লিজনোরিজ রোগ সমূহ ।
- খাদ্য নিরাপত্তা ঢাকনার প্রবর্তন এবং স্বাস্থ্যকর খাদ্যের ব্যাপারে উপদেষ্টাদের ভূমিকা, খাদ্যে লেবেল করা এবং রপ্তানী সনদ ।
- কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রণীত আইন প্রবর্তনে উপদেষ্টাদের ভূমিকা ।
- বেসরকারি খাতে আবাসন : (এতে আছে মধ্যম মানের আবাসনের উন্নয়ন সাধন এবং সংস্কার অনুদান, বন্ধ করা ও ভেঙ্গে ফেলার নির্দেশ, একই ঘরে একাধিক লোকের বসবাস এবং ত্রুটিযুক্ত আবাসন) ।
- দোষণ নিয়ন্ত্রণ-যার মধ্যে শব্দ নিয়ন্ত্রণ, স্থানীয় বায়ু ও মাটি দূষণ ।
- পশু স্বাস্থ্য ও সেবা যেমন পায়ের ও মুখের রোগ, এন্থ্রাক্স, এভিয়ান ফ্লু, ও ব্লুটাং ।
- লাইসেন্স প্রদানে কর্তব্য সমূহের মধ্যে সরকারি প্রচলিত আইন অনুসরণ করে লাইসেন্স প্রদান করা, যেমন কারভানের অবস্থান, মৃগমাংসের ডিলার, পশু রাখার স্থান, পোষ্য দোকান, চিড়িয়াখানা, প্রেক্ষাগৃহ, থিয়েটার, খেলার মাঠ, হিংস্র বন্য প্রাণী ইত্যাদির লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক ভূমিকা বলবত থাকবে ।

● সড়ক ও সমাজ কর্ম:

- সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ ।
- শীতকালীন রক্ষণাবেক্ষণ ।
- মাঠ রক্ষণাবেক্ষণ ।
- গোরস্থান ও শ্মশাণ ।
- খেলাধুলার এলাকা সমূহ ।
- সাধারণের সুখস্বাস্থ্য ।
- কার পার্ক
- আপদকালে এগিয়ে আসা ।
- জাহাজসমূহের ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ ।
- রসদ ব্যবস্থাপনা ।

● ব্যবসার মান :

- ওজন ও পরিমাপ : (ওজন ও পরিমাপ যন্ত্র নিয়ন্ত্রণ এবং বস্ত্র আদান প্রদানের ক্ষেত্রে পরিমাপ নিয়ন্ত্রণ)
- উৎপাদন ও সামাজিক নিরাপত্তা : (নিরাপদ ভুক্ত দ্রব্য আইন এবং অপ্রত্যাশিত বানিজ্যিক প্রতারণা, যেমন আক্রমণপ্রবণ দরজার মুখে বিক্রয়)
- বাণিজ্যে স্বচ্ছতা: (সম্মানহানিকর বাণিজ্যিক প্রতারণা থেকে ভোক্তাদের রক্ষা করা, অপরাধমূলক কর্ম এবং বিধিবদ্ধ আইনের খেলাপ উভয়ই সর্বোপরি ভোক্তাদের আর্থিক ক্ষতির কারণ হিসাবে গণ্য হয় । যেমন প্রতারণা, কোন বিষয়কে ভ্রান্তভাবে উপস্থাপন ও মূল্য নির্ধারণ) ।

- ভূজ্ঞা ঋণ : প্রচার মোতাবেক ভূজ্ঞা ঋণ সুবিধা প্রদানকারির নিয়ম নীতি ।
- কৃষিজাত খাদ্যসামগ্রী ও সারের সঠিক মান নিয়ন্ত্রণ ।
- লাইসেন্স প্রদান (পেট্রোল ও বিস্ফোরক গুদামজাত করন ; টেক্সটাইল লাইসেন্স ; পুরাতন ব্যবহারযোগ্য যানবাহন ডিলার) ।

● **যানবাহন ও অবকাঠামো :**

- সিভিল ইঞ্জিনিয়ারিং ডিজাইন সার্ভিস (প্রকল্প পরিকল্পনা বিভাগ) ।
- পরিবহন পরিকল্পনা ।
- যাতায়াত ও পরিবহন সমন্বয় ।
- উন্নয়ন নিয়ন্ত্রণ ।
- বন্যা ঝুঁকি ব্যবস্থাপনা ।
- নিরাপদ সড়ক ।
- সরকারি যানবাহন (চুক্তি ভিত্তিক) ।
- সড়কে আলোর ব্যবস্থা ।
- পোতাশ্রয় ও ফেরী ।
- রেডিও এবং সিসিটিভি(CCTV) যোগাযোগ ।

● **বর্জ্য ব্যবস্থাপনা :**

- কর্মপস্থা ও কৌশল ।
- বাস্তবায়ন ও আইন কার্যকরি করণ ।
- বর্জ্য সংগ্রহ ও অপসারণ ।
- বর্জ্য সুবিধাদির চুক্তি ও কার্যক্রম পর্যবেক্ষণ ।
- শিক্ষা ও সচেতনতা ।
- রাস্তা পরিষ্কার করণ ।
- ক্ষতিকারক প্রাণী ও কুকুর নিয়ন্ত্রণ ।

যানবাহন, পরিবেশ্ এবং সামাজিক সেবা যোগাযোগের ঠিকানা :

Email: tecs@highland.gov.uk

টেলিফোন : ০১৩৪৯ ৮৮৬৬০৬ সমবার থেকে শুক্রবার সকাল ০৮:০০ বিকাল ০৬:০০, শনিবার সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ ঘটিকা ।

অন্য সময় সড়ক, বন্যা ও রাস্তার বাতি বিষয়ে যোগাযোগের ঠিকানা - ০১৩৪৯ ৮৮৬৬৯০ ।

ডাক বিভাগীয় ঠিকানা :

TEC Services
The highland Council
Glenurquhart Road
Inverness
IV3 5NX

আপনার কাউন্সিলরগন

সমগ্র হাইল্যান্ড জুড়ে উপদেশ ও কার্যকরি সিদ্ধান্ত গ্রহনের জন্য আপনাদের নির্বাচিত কাউন্সিলরগন রহিয়াছেন । তারা হলেন ১৪টি ওয়ার্ডে ৪ জন করে এবং ৮টি ওয়ার্ডে ৩ জন করে সর্বমোট ৮০ জন কাউন্সিলর সেবা প্রদান করিতেছেন ।

নিচের লিংকে ক্লিক করে প্রত্যেক কাউন্সিলরগনের যোগাযোগের ঠিকানা জানতে পারেন ।

<http://www.highland.gov.uk/yourcouncil/yourcouncillors/councillorscontactdetails/>